



বাংলা একাডেমি

বাংলা একাডেমি গবেষণা-বৃত্তির জন্য প্রবন্ধ-প্রস্তাব আহ্বান (তৃতীয় পর্যায় || মে-জুলাই ২০২৬)

বাংলা একাডেমি বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে গবেষণা-প্রবন্ধ প্রস্তাব আহ্বান করছে। গবেষণা-প্রবন্ধ রচনার জন্য ৫০জন গবেষকের প্রত্যেককে ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।

- বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক প্রাবন্ধিকের জন্য একজন গবেষণা-তত্ত্বাবধায়ক ও একজন সম্পাদক (কপি এডিটর) নিযুক্ত থাকবেন।
- নির্বাচিত প্রাবন্ধিককে বাংলা একাডেমির সঙ্গে চুক্তিপত্র সম্পাদনের ৩ মাসের মধ্যে প্রবন্ধ চূড়ান্ত করতে হবে।

শর্তাবলি

- আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা, বয়স, লিঙ্গ ও গবেষণার বিষয় উন্মুক্ত।
- প্রবন্ধ বাংলা ভাষায় প্রণয়ন করতে হবে।
- সকল প্রকার সম্মানি থেকে বিধিমোতাবেক ট্যাঙ্ক-ভ্যাট কাটা হবে।
- বাংলা একাডেমির গবেষণা বৃত্তির আওতায় ইতোমধ্যে যারা গবেষণায় সম্পৃক্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- যে সব আবেদনকারীর পূর্বে প্রকাশিত প্রবন্ধ রয়েছে তারা অগ্রাধিকার পাবেন।
- নির্বাচিত গবেষণা-প্রবন্ধ প্রস্তাবকদের আবশ্যিকভাবে দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণ করতে হবে।

আবেদন করার নিয়ম

- আবেদনপত্রের সঙ্গে আলাদাভাবে প্রবন্ধ-প্রস্তাবের নামসহ ১০০০ (এক হাজার) শব্দের সার-সংক্ষেপ (Abstract) ও গবেষণা-পদ্ধতি (Methodology) উল্লেখ করতে হবে।
- পূর্বে প্রকাশিত প্রবন্ধের মূল অথবা সত্যায়িত কপি (পত্রিকার নাম ও তারিখসহ) জমা দিতে হবে।
- ইমেইল/ডাক/কুরিয়ার/সরাসরি আবেদনপত্রসহ প্রস্তাব জমা দেওয়া যাবে।

গবেষণা-প্রবন্ধ প্রস্তাব জমাদানের শেষ তারিখ: ১৪ এপ্রিল ২০২৬

আবেদনের ঠিকানা: উপপরিচালক, গবেষণা উপবিভাগ, বাংলা একাডেমি, ঢাকা ১০০০

ইমেইল: baresearchgrant@gmail.com